



প্রেসক্লাবের সামনে মাদরাসা শিক্ষকদের সঙ্গে পুলিশের সংঘর্ষ, আহত অন্তত ১৫



সংগৃহীত ছবি

জাতীয়করণের দাবিতে রাজধানীর প্রেসক্লাবের সামনে আন্দোলনরত ইবতেদায়ী মাদরাসা শিক্ষকদের সঙ্গে পুলিশের সংঘর্ষের ঘটনা ঘটেছে। বুধবার (২৯ অক্টোবর) দুপুরে এ ঘটনায় এলাকায় উত্তেজনা ছড়িয়ে পড়ে।

চোখে-মুখে ব্যানার ও প্ল্যাকার্ড হাতে শিক্ষকরা দাবি জানাতে প্রেসক্লাবের সামনে অবস্থান নিলে পুলিশ তাদের সরে যেতে নির্দেশ দেয়। একপর্যায়ে দুই পক্ষের মধ্যে ধাক্কাধাক্কি শুরু হলে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ লাঠিচার্জ ও সাউন্ড গ্রেনেড নিক্ষেপ করে।

এতে অন্তত ১৫ জন শিক্ষক আহত হয়েছেন বলে জানা গেছে। আহতদের মধ্যে কয়েকজনকে স্থানীয় হাসপাতালে চিকিৎসা দেওয়া হচ্ছে।

ঘটনাস্থলে অতিরিক্ত পুলিশ মোতায়েন করা হয়েছে, পরিস্থিতি এখন নিয়ন্ত্রণে রয়েছে বলে জানিয়েছেন দায়িত্বশীল কর্মকর্তারা।

বিস্তারিত আসছে...

LENS ASIA